## ♣ উত্তরপত্র

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি সহকারী পরিচালক ১২.0৮.২০২৩)

**Total questions : 100 Total marks : 100**

---

1) কোনটি জাতীয় কবি কাজী নজরুল ইসলাম রচিত গ্রন্থ নয়?

1) শিউলিমালা
2) দোলনচাঁপা
✔ 3) সোনার তরী
4) ব্যথার দান

**ব্যাখ্যা :** কাজী নজরুল ইসলাম :
- কাজী নজরুল ইসলাম ইসলাম বাংলাদেশের জাতীয় কবি এবং অবিভক্ত বাংলার সাহিত্য, সমাজ ও সংস্কৃতি ক্ষেত্রের অন্যতম শ্রেষ্ঠ ব্যক্তিত্ব।
- কাজী নজরুল ইসলাম ১৩০৬ বঙ্গাব্দের ১১ জ্যৈষ্ঠ (২৪ মে ১৮৯৯) পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার চুরুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন।
- নজরুলের ডাক নাম ছিল 'দুখু মিয়া'।
- বাংলা সাহিত্যের ইতিহাসে তিনি 'বিদ্রোহী কবি'
- কাজী নজরুল ইসলাম আধুনিক বাংলা গানের জগতে 'বুলবুল' নামে খ্যাত।

তাঁর রচিত কাব্যগ্রন্থ :
- অগ্নিবীণা
- সাম্যবাদী
- ঝিঙে ফুল
দোলনচাঁপা
- সিন্ধু হিন্দোল
- চক্রবাক
- নতুন চাঁদ
- মরুভাস্কর
------------
গল্পগ্রন্থ :
- ব্যথার দান
- রিক্তের বেদন
- শিউলিমালা
------------
নাটক :
- ঝিলিমিলি
- আলেয়া
-------------

Hello BCS

উল্লেখ্য,
"সোনার তরী" - রবীন্দ্রনাথ ঠাকুর রচিত বিখ্যাত কাব্যগ্রন্থ।

উৎস : বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর ও বাংলাপিডিয়া।

2) বাংলাদেশের জিডিপি (GDP)-তে কোন খাতের অবদান সবচেয়ে বেশি?

1) শিল্প
2) বাণিজ্য
3) কৃষি
✔ 4) সেবা

**ব্যাখ্যা :** বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-২০২১ অনুযায়ী,
- জিডিপিতে কৃষি খাতের অবদান ১৩.৪৭ শতাংশ।
- কৃষি খাতে নিয়োজিত জনগোষ্ঠী ৪০.৬ শতাংশ।
- জিডিপিতে শিল্প খাতের অবদান ৩৪.৯৯ শতাংশ।
- শিল্প খাতে নিয়োজিত জনগোষ্ঠী ২০.৪ শতাংশ।
- জিডিপিতে **সেবা খাতের** অবদান **৫১.৫৩ শতাংশ**।
- সেবা খাতে নিয়োজিত জনগোষ্ঠী ৩৯.০ শতাংশ।

তথ্যসূত্র :- অর্থনৈতিক সমীক্ষা-২০২১।

3) Which of the following words is in singular form?

1) oases
2) formulae
3) agenda
✔ 4) radius

**ব্যাখ্যা :** Radius is a singular form. The other singular forms are-- formula, agendum, and oasis.

4) বিশ্বব্যাংক কবে বাংলাদেশকে নিম্ন-মধ্যম আয়ের দেশ হিসেবে তালিকাভুক্ত করে?

1) ১ জুন ২০১৪
2) ১ জুন ২০১৫
✔ 3) ১জুলাই ২০১৫
4) ১ জুলাই ২০১৬

**ব্যাখ্যা :** প্রতিবছর ১ জুলাই বিশ্বব্যাংক আনুষ্ঠানিকভাবে মাথাপিছু মোট জাতীয় আয় অনুসারে দেশগুলোকে চারটি আয় গ্রুপে ভাগ করে। ১ জুলাই ২০১৫ বিশ্বব্যাংক কর্তৃক প্রকাশিত তালিকায় বাংলাদেশ নিম্ন মধ্যম আয়ের দেশে উন্নীত হয়। [তথ্যসূত্রঃ দৈনিক প্রথম আলো]

Hello BCS

5) বিশ্ব পরিবেশ দিবস কোনটি ?

✔ 1) ৫ জুন
2) ১৫ মে
3) ৫ মে
4) ১৫ জুন

**ব্যাখ্যা :** বিশ্বব্যাপী পরিবেশদূষণ নিয়ে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে জাতিসংঘ ৫ জুনকে ঘোষণা করেছে ‘বিশ্ব পরিবেশ দিবস’ হিসেবে। ২০২০ সালে বিশ্ব পরিবেশ দিবসের প্রতিপাদ্য হলো ‘প্রকৃতির জন্য সময়’ (Time for Nature)।

6) নিচের কোন প্রোগ্রামটি একটি সম্পূর্ণ কম্পিউটার প্রোগ্রামকে একবারে অনুবাদ ও সম্পাদন করে?

1) Interpreter
2) Emulator
✔ 3) Compiler
4) Simulator

**ব্যাখ্যা :** কম্পাইলার হলো এক ধরনের অনুবাদক প্রোগ্রাম যা উচ্চস্তরের ভাষায় লেখা একটি সম্পূর্ণ প্রোগ্রামকে একসাথে পড়ে এবং একসাথে মেশিন বা যান্ত্রিক ভাষায় রূপান্তর করে। অর্থাৎ উৎস প্রোগ্রামকে বস্তু প্রোগ্রামে রূপান্তর করে।ইন্টারপ্রেটারও কম্পাইলারের মতো এক ধরনের অনুবাদক প্রোগ্রাম যা উচ্চস্তরের ভাষায় লেখা প্রোগ্রামের একটি করে লাইন পড়ে এবং মেশিন বা যান্ত্রিক ভাষায় রূপান্তর করে।

7) একটি রিলেশনাল ডাটাবেস মডেলে নিচের কোনটি দ্বারা Relation প্রকাশ করা হয়?

1) Rows
2) Tuples
✔ 3) Tables
4) Attributes

**ব্যাখ্যা :** একটি রিলেশনাল ডাটাবেস মডেলে নীচের কোনটি দ্বারা Relation প্রকাশ করা হয় ➫ Tables

8) Which of the following words is in singular form ?

1) formulae
2) agenda
3) oases
✔ 4) radius

**ব্যাখ্যা :** প্রদত্ত অপশনগুলোর মধ্যে radius শব্দটি singular form হিসেবে ব্যবহৃত হয়। অন্যান্য শব্দগুলো plural form।

Hello BCS

9) হিমোগ্লোবিন কোন জাতীয় পদার্থ ?

✔ 1) আমিষ
2) স্নেহ
3) আয়োডিন
4) লৌহ

**ব্যাখ্যা :** স্তন্যপায়ী প্রাণিদের ক্ষেত্রে লোহিত কণিকার শুষ্ক ওজনের ৯৬-৯৭%ই হয় হিমোগ্লোবিনের প্রোটিন/আমিষ অংশ, এবং পানিসহ মোট ওজনের তা ৩৫%। হিমোগ্লোবিন ফুসফুস হতে অক্সিজেন দেহের বাকি অংশে নিয়ে যায় এবং কোষীয় ব্যবহারের জন্য অবমুক্ত করে। এটি অন্যান্য গ্যাস পরিবহনেও অবদান রাখে, যেমন এটি কোষকলা হতে CO2 পরিবহন করে ফুসফুসে নিয়ে যায়।

10) মৌলিক শব্দ কোনটি?

✔ 1) গোলাপ
2) গৌরব
3) শীতল
4) নেয়ে

**ব্যাখ্যা :** যে -সব শব্দকে বিশ্লেষণ করলে আর কোন শব্দ পাওয়া যায় না, তাকে মৌলিক শব্দ বলে। অর্থাৎ, যে সব শব্দকে ভাঙলে আর কোন অর্থসঙ্গতিপূর্ণ শব্দ পাওয়া যায় না, তাকে মৌলিক শব্দ বলে। যেমনঃ গোলাপ, নাক, লাল, তিন, ইত্যাদি।
এই শব্দগুলোকে আর ভাঙা যায় না, বা বিশ্লেষণ করা যায় না। আর যদি ভেঙে নতুন শব্দ পাওয়াও যায়, তার সঙ্গে শব্দটির কোন অর্থসঙ্গতি থাকে না। যেমন, উদাহরণের গোলাপ শব্দটি ভাঙলে গোল শব্দটি পাওয়া যায়। কিন্তু গোলাপ শব্দটি গোল শব্দ থেকে গঠিত হয়নি। এই দুটি শব্দের মাঝে কোন অর্থসংগতি নেই। তেমনি নাক ভেঙে না বানানো গেলেও নাক না থেকে আসেনি। অর্থাৎ, এই শব্দগুলোই মৌলিক শব্দ। 'গোলাপ' শব্দটির সঙ্গে 'ই' প্রত্যয় যোগ করে আমরা 'গোলাপী' শব্দটি বানাতে পারি। তেমনি 'নাক'-র সঙ্গে 'ফুল' শব্দটি যোগ করে আমরা 'নাকফুল' শব্দটি গঠন করতে পারি।

11) যা স্থায়ী নয়

✔ 1) অস্থায়ী
2) ক্ষণস্থায়ী
3) ক্ষণিক
4) নশ্বর

**ব্যাখ্যা :** যা স্থায়ী নয় - অস্থায়ী।
যা স্থায়ী - নশ্বর।
অল্প সময় - ক্ষণিক।

Hello BCS

12) 'একাদশে বৃহস্পতি' অর্থ কি?

1) আশার কথা
✔ 2) সৌভাগ্যের বিষয়
3) মজা পাওয়া
4) আনন্দের বিষয়

**ব্যাখ্যা :** একাদশে বৃহস্পতি একটি বাগধারা। প্রদত্ত বাগধারাটির অর্থ - সৌভাগ্যের বিষয়।

যেমন : এখন তার একাদশে বৃহস্পতি, ধুলোমুঠোও সোনামুঠো হচ্ছে।

13) "বনফুল" কার ছদ্মনাম ?

1) প্রমথ চৌধুরী
✔ 2) বালাইচাঁদ মুখোপাধ্যায়
3) যতীন্দ্রমোহন বাগচি
4) মোহিতলাল মজুমদার

**ব্যাখ্যা :** কবির নাম - ছদ্মনাম
প্রমথ চৌধুরী - বীরবল
মোহিতলাল মজুমদার - কৃত্তিবাস ওঝা
বলাইচাঁদ মুখোপাধ্যায় - বনফুল
তাই সঠিক উত্তর : বলাইচাঁদ মুখোপাধ্যায়।

14) চলিত ভাষার আদর্শরূপে গৃহীত ভাষাকে বলা হয়-

1) সাধু ভাষা
✔ 2) প্রমিত ভাষা
3) আঞ্চলিক ভাষা
4) উপভাষা

**ব্যাখ্যা :** চলিত ভাষার আদর্শরূপে গৃহীত ভাষাকে প্রমিত ভাষা বলে। প্রমিত ভাষা বলা ও লেখার উপযোগী। এটি বক্তৃতা, আলাপ আলোচনা ও নাট্যসংলাপের উপযোগী। প্রমিত ভাষা কালের প্রবাহে অনেক পরিবর্তিত হয়।

15) একটি রম্বসের ক্ষেত্রে কোনটি সঠিক?

1) বিপরীত বাহু সমান
2) বিপরীত বাহু সমান্তরাল
3) বিপরীত কোণ সমান
✔ 4) উপরের সবগুলো

Hello BCS

**ব্যাখ্যা :** যে চতুর্ভুজের বাহুগগুলো পরস্পর সমান ও সমান্তরাল কিন্তু কোণগুলো সমকোণ নয় তাকে রম্বস বলে। আয়তক্ষেত্র হচ্ছে এমন চতুর্ভুজ যার বিপরীত বাহুগুলো সমান ও সমান্তরাল এবং অভ্যন্তরের চারটি কোণের প্রত্যেকেই এক সমকোণ। যে চতুর্ভুজের বিপরীত বাহু গুলো পরস্পর সমান ও সমান্তরাল কিন্তু কোণ গুলা সমকোণ নয় তাকে সমান্তরিক বলে। যে চতুর্ভুজের দুইটি বাহু পরস্পর সমান্তরাল কিন্তু অসমান এবং অন্য বাহুদ্বয় অসমান্তরাল তাকে ট্রাপিজিয়াম বলে।

16) বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ কবে উৎক্ষেপন করা হয়?

1) ২৬ মার্চ ১৯৭১
2) ৪ ডিসেম্বর ১৯৯০
3) ৫ জানুয়ারি ২০১৪
✔ 4) ১২ মে ২০১৮

**ব্যাখ্যা :** বঙ্গবন্ধু-১ স্যাটেলাইট
• বাংলাদেশের মালিকানাধীন প্রথম কৃত্রিম উপগ্রহ।
• বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ বাংলাদেশের প্রথম ভূ-স্থির যোগাযোগ ও সম্প্রচার উপগ্রহ।
• এটি ২০১৮ সালের ১১ মে (বাংলাদেশ সময় ১২ মে) ফ্লোরিডার কেনেডি স্পেস সেন্টার থেকে উৎক্ষেপণ করা হয়।
• ৫৭তম দেশ হিসেবে নিজস্ব স্যাটেলাইট উৎক্ষেপণকারী দেশের তালিকায় যোগ হয় বাংলাদেশ।
এই প্রকল্পটি বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন কর্তৃক বাস্তবায়িত হয়।
এটি ফ্যালকন ৯ ব্লক ৫ রকেটের প্রথম পেলোড উৎক্ষেপণ করে ফ্রান্সের কোম্পানি থ্যালাস অ্যালেনিয়া।

বঙ্গবন্ধু-২ স্যাটেলাইট
• বাংলাদেশের দ্বিতীয় কৃত্রিম উপগ্রহ বঙ্গবন্ধু স্যাটেলাইট-২।
• বঙ্গবন্ধু স্যাটেলাইট ২ বাংলাদেশের দ্বিতীয় ভূস্থির যোগাযোগ ও সম্প্রচার উপগ্রহ।
এটি ২০২৩ সালে উৎক্ষেপণ করা হবে। 'বঙ্গবন্ধু-২ স্যাটেলাইটের অভিযানের সময়কাল থাকবে ১৮ বছর।
• স্যাটেলাইটটি আবহাওয়া, নজরদারি বা নিরাপত্তাসংক্রান্ত কাজে ব্যবহৃত হবে। এটি ভূ-পৃষ্ঠ থেকে উপরে ৩০০ থেকে ৪০০ কিলোমিটারের মধ্যে অবস্থান করার ফলে অরবিটাল স্লটের প্রয়োজন হবে না । [তথ্যসূত্রঃ বাংলাপিডিয়া]

17) জাগ্রত চৌরঙ্গী কোথায় অবস্থিত?

1) ঢাকা
2) রাজশাহী
✔ 3) গাজীপুর
4) চট্টগ্রাম

**ব্যাখ্যা :** মহান মুক্তিযুদ্ধের অসামান্য আত্মত্যাগের স্মরণে নির্মিত ভাস্কর্য জাগ্রত চৌরঙ্গী। মুক্তিযুদ্ধের প্রেরণায় নির্মিত এটিই প্রথম ভাস্কর্য। শিল্পী আব্দুর রাজ্জাক জাগ্রত চৌরঙ্গীর ভাস্কর। ১৯৭৩ সালে এটি নির্মাণ করা হয়। গাজীপুরের জয়দেবপুর চৌরাস্তার সড়কদ্বীপে দৃষ্টি নন্দন এই স্থাপত্যকর্মটি স্থাপন করা হয়।

Hello BCS

18) বাংলাদেশের মানুষের মাথাপিছু আয় কত?

1) ২৬৬২ মার্কিন ডলার
✔ 2) ২৭৯০ মার্কিন ডলার
3) ২৫৭২ মার্কিন ডলার
4) ২৬৮৭ মার্কিন ডলার

**ব্যাখ্যা :** বর্তমানে বাংলাদেশের জনগণের মাথাপিছু আয় ২ হাজার ৭৬৫ মার্কিন ডলার বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল।

19) মিঠা পানির মাছ উৎপাদনে বাংলাদেশের অবস্থান কততম?

1) দ্বিতীয়
✔ 2) তৃতীয়
3) চতুর্থ
4) পঞ্চম

**ব্যাখ্যা :** স্বাদুপানির মাছ উৎপাদনে এবারও বাংলাদেশ তৃতীয় স্থান ধরে রেখেছে। আর চাষের মাছে বাংলাদেশ দুই ধাপ এগিয়ে তৃতীয় অবস্থানে উঠে এসেছে। চাষের মাছের উৎপাদনে গত ছয় বছর ধরে পঞ্চম অবস্থানে ছিল। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) 'দ্য স্টেট অব ওয়ার্ল্ড ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার-২০২২' বৈশ্বিক প্রতিবেদনে এসব তথ্য উঠে এসেছে। [তথ্যসূত্রঃ প্রথমআলো]

20) বাংলাদেশর তথ্য অধিকার আইন কবে পাস হয়?

1) ২৯ মার্চ, ২০০৯
2) ২২ মার্চ ২০০৯
3) ২৭ মার্চ ২০০৯
✔ 4) ২১ মার্চ ২০০৯

**ব্যাখ্যা :** ২৯ মার্চ ২০০৯ তারিখে তথ্য অধিকার আইন পাস হয়। মহামান্য রাষ্ট্রপতি ৫ এপ্রিল এটিতে স্বাক্ষর করেন এবং ৬ এপ্রিল ২০০৯ আইনটির গেজেট প্রকাশিত হয়। [তথ্যসূত্রঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর]

21) বাংলাদেশের অর্থনীতিতে কোন খাতের অবদান সবচেয়ে বেশি?

✔ 1) সেবা
2) বাণিজ্য
3) শিল্প
4) কৃষি

**ব্যাখ্যা :** • অর্থনীতি/জিডিপিতে **সেবাখাতের অবদান - ৫১.৪৪%**।
- এই খাতে নিয়োজিত জনশক্তির পরিমাণ ৩৯.০%।
• অর্থনীতি/জিডিপিতে কৃষিখাতের অবদান - ১১.৫০%।

Hello BCS

- নিয়োজিত জনশক্তির পরিমাণ ৪০.৬%।
• অর্থনীতি/জিডিপিতে শিল্পখাতের অবদান - ৩৭.০৭%।
- নিয়োজিত জনশক্তির পরিমাণ ২০.৪%।

তথ্যসূত্র :- অর্থনৈতিক সমীক্ষা ২০২২।

22) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কবে আনুষ্ঠানিকভাবে ঐতিহাসিক ছয় দফা পেশ করেন?

1) ৩১ মার্চ ১৯৬০
2) ২৬ মার্চ ১৯৬৫
✔ 3) ২৩ মার্চ ১৯৬৬
4) ২১ মার্চ ১৯৭০

**ব্যাখ্যা :** ভারত পাকিস্তান যুদ্ধ (৬ ২৭ সেপ্টেম্বর ১৯৬৫) - সমাপ্তির পর উভয় দেশের মধ্যে 'তাসখন্দ চুক্তি' স্বাক্ষরিত হয় ১০ জানুয়ারি ১৯৬৬। এ ঘটনার পটভূমিকায় ১৯৬৬ সালের ৫ - ৬ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত বিরোধী দলের এক সম্মেলনে ঐতিহাসিক ৬ দফা কর্মসূচি ঘোষণা করা হয়। পরবর্তীতে ২৩ মার্চ, ১৯৬৬ সালে লাহোরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আনুষ্ঠানিকভাবে ৬ দফা ঘোষণা করেন।

23) বাংলাদেশের মানুষের গড় আয়ু কত?

1) ৭৩.৪ বছর
✔ 2) ৭২.৪ বছর
3) ৭১.৪ বছর
4) ৭০.৪ বছর

**ব্যাখ্যা :** দেশের মানুষের গড় আয়ু আগের তুলনায় কমেছে। এখন দেশে একজন মানুষের প্রত্যাশিত গড় আয়ু ৭২ দশমিক ৪ বছর। এর আগের জরিপ অনুযায়ী, মানুষের গড় আয়ু ছিল ৭২ দশমিক ৮ বছর। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) এক প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। বিবিএসের প্রতিবেদনে বলা হয়েছে, পুরুষের গড় আয়ু এখন ৭০ দশমিক ৬ বছর, আর নারীর গড় আয়ু ৭৪ দশমিক ১ বছর। এই প্রথমবার বাংলাদেশে মানুষের গড় আয়ু কমল।

Hello BCS

24) বাংলাদেশে জাতীয় শিশু দিবস কবে?

1) ১ এপ্রিল
2) ৫ আগস্ট
✔ 3) ১৭ মার্চ
4) ২৬ মার্চ

**ব্যাখ্যা :** বাংলাদেশে জাতীয় শিশু দিবস - ১৭ মার্চ
মুসলিম গণহত্যা দিবস ১ এপ্রিল
শহীদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী ৫ আগস্ট - স্বাধীনতা ও জাতীয় দিবস - ২৬ মার্চ

25) বাংলার ভেনিস বলা হয় কোন শহরকে?

1) চাঁদপুর
2) ভোলা
✔ 3) বরিশাল
4) খুলনা

**ব্যাখ্যা :** বাংলার ভেনিস বলা হয় বরিশাল কে। ভোলা জেলাকে 'কুইন আইল্যান্ড অব বাংলাদেশ' বলা হয়। খুলনাকে বলা হয় রুপালি শহর। চাঁদপুরকে "ইলিশের বাড়ি" নামে ডাকা হয়।

26) SDG এর Goal কয়টি?

1) ১৫ টি
2) ১৬ টি
✔ 3) ১৭ টি
4) ১৮ টি

**ব্যাখ্যা :** টেকসই উন্নয়ন লক্ষ্য (SDG) এর লক্ষ্য ১৭টি। এগুলো হলোঃ ১. দারিদ্র্য নির্মূল ; ২. ক্ষুধামুক্তি ; ৩. সুস্বাস্থ্য ; ৪. মানসম্পন্ন শিক্ষা ; ৫. লিঙ্গ সমতা ; ৬. বিশুদ্ধ পানি ও পয়ঃনিষ্কাশন ; ৭. সাশ্রয়ী ও নবায়নযোগ্য জ্বালানি ; ৮. উপযুক্ত কাজ ও অর্থনৈতিক প্রবৃদ্ধি ; ৯. শিল্প, উদ্ভাবন ও অবকাঠামো ; ১০. বৈষম্য হ্রাস ; ১১. টেকসই শহর ও জনগণ ; ১২. পরিমিত ভোগ ; জলবায়ুবিষয়ক পদক্ষেপ ; ১৪. পানির নিচে প্রাণ ; ১৫. স্থলভাগের জীবন ; ১৬. শান্তি ও ন্যায়বিচার এবং ১৭. লক্ষ্য অর্জনে অংশীদারিত্ব। টেকসই উন্নয়ন লক্ষ্য মাত্রা (SDG) এর মেয়াদ ২০১৬ - ৩০ সাল। এতে মোট ১৭টি লক্ষ্যমাত্রা ও ১৬৯টি সুনির্দিষ্ট লক্ষ্য অন্তর্ভুক্ত রয়েছে।

Hello BCS

27) স্মার্ট বাংলাদেশের স্তম্ভ কোনটি?

1) ৭ টি
2) ৫ টি
✔ 3) ৪ টি
4) ৬ টি

**ব্যাখ্যা :** স্মার্ট বাংলাদেশ হলো বাংলাদেশ সরকারের একটি প্রতিশ্রুতি ও স্লোগান যা ২০৪১ সালের মধ্যে দেশকে ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশে রূপান্তরের পরিকল্পনা। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা সর্বপ্রথম এই প্ৰতিশ্ৰুতি ও স্লোগান দেন।স্মার্ট বাংলাদেশের চারটি স্তম্ভ ঠিক করা হয়েছে। এগুলো হলো স্মার্ট সিটিজেন, স্মার্ট সোসাইটি, স্মার্ট ইকোনমি ও স্মার্ট গভর্নমেন্ট।সরকার ১২ ডিসেম্বরকে ডিজিটাল বাংলাদেশ দিবসের পরিবর্তে 'স্মার্ট বাংলাদেশ দিবস' হিসেবে পালনের সিদ্ধান্ত নিয়েছে।

28) বাংলাদেশের প্রধান আইন কর্মকর্তা হলেন -

1) আইন সচিব
✔ 2) এটর্নি জেনারেল
3) প্রধান বিচারপতি

4) আইন মন্ত্রী

**ব্যাখ্যা :** অ্যাটর্নি জেনারেল হল বাংলাদেশ সরকারের প্রধান ও মুখ্য আইন পরামর্শক এবং বাংলাদেশ সুপ্রিম কোর্টে সরকারের প্রাথমিক আইনজীবী। অ্যাটর্নি জেনারেল সাধারণত সম্মানিত জেষ্ঠ আইনানুজ্ঞদের মধ্য থেকে শাসিত সরকার কর্তৃক নিয়োগ প্রাপ্ত হন। বাংলাদেশের বর্তমান অ্যাটর্নি জেনারেল হলেন এ এম আমিন উদ্দিন (১৬তম)।

29) ভারতের সাথে সবচেয়ে দীর্ঘ স্থল সীমান্ত কোন দেশের?

1) ভুটান
2) চীন
✔ 3) বাংলাদেশ
4) নেপাল

**ব্যাখ্যা :** ভারত উত্তরে চীন, ভুটান এবং নেপাল দ্বারা সীমাবদ্ধ, যখন এটি সুদূর পূর্বে মায়ানমার এবং বাংলাদেশ দ্বারা বেষ্টিত। এই সমস্ত দেশের মধ্যে বাংলাদেশ দীর্ঘতম সীমান্ত ভাগ করে নিয়েছে। ভারত ও বাংলাদেশের মধ্যে সীমান্তের দৈর্ঘ্য ৪০৯৬.৭ কিলোমিটার।

30) ষড়ঋতু' শব্দের সন্ধি বিচ্ছেদ -

1) ষড় + ঋতু
2) ষড়ু + ঋতু
✔ 3) ষট + ঋতু
4) ষট্ + ঋতু

**ব্যাখ্যা :** ব্যঞ্জন সন্ধির নিয়ম অনুসারে ট্ + আ, ট্ + য, থাকলে ড় বসে। যেমন ষড়ানন (ষট্ + আনন), ষড়যন্ত্র (ষট্ + যন্ত্র), - ষড়ঋতু(ষট্ + ঋতু) ইত্যাদি। [তথ্যসূত্রঃ বাংলা ব্যাকরণ ৯ম ১০ম শ্রেণী]

31) একাত্তরের ডায়েরী' কার লেখা?

✔ 1) সুফিয়া কামাল
2) জাহানারা ইমাম
3) সেলিন ইসলাম
4) নীলিমা ইব্রাহীম

Hello BCS

**ব্যাখ্যা :** একাত্তরের ডায়েরী সুফিয়া কামাল
একাত্তরের দিনগুলি- জাহানারা ইমাম
একাত্তরের ঢাকা- সেলিনা হোসেন
একাত্তরের নিশান- রাবেয়া খাতুন
একাত্তরের বর্ণমালা- এম আর আখতার মুকুল
একাত্তরের চিঠি- ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালে লেখা ৮৬টি চিঠির একটি সংকলন। দৈনিক প্রথম আলো ও গ্রামীণফোনের উদ্যোগে চিঠিগুলো সংগ্রহ করা হয়। একাত্তরের যীশু শাহরিয়ার কবির, অগ্নিস্নাত বঙ্গবন্ধুর ভস্মাচ্ছাদিত কন্যা আমি বীরাঙ্গনা বলছি- নীলিমা ইব্রাহিম, [তথ্যসূত্রঃ

32) কন্যার সমার্থক শব্দ -

1) পল্লব
2) জায়া
✔ 3) আত্মজা
4) পরভৃত

**ব্যাখ্যা :** কন্যা' শব্দের সমার্থক : কন্যা, মেয়ে, দুহিতা, দুলালী, আত্মজা, নন্দিনী, পুত্রী, সূতা, তনয়া।,পল্লব এর সমার্থক শব্দ - পাতা, পত্র, কিশলয়, পর্ণ, নবপত্র। পরভৃত এর সমার্থক শব্দ হলো কোকিল, পিক, কাকপুষ্ট, অন্যপুষ্ঠ, কলকণ্ঠ ইত্যাদি। জায়া শব্দের সমার্থক শব্দ অর্ধাঙ্গী, ভার্যা, পত্নী, বধূ, বউ, গৃহিনী, গিন্নি, ঘরণি, বিবি, বেগম

33) কোনটি শুদ্ধ বানান

1) নিরপরাধী
2) নিরোপরাধী
3) নিরপরাধি
✔ 4) নিরপরাধ

**ব্যাখ্যা :** অপরাধ-বিশেষ্য
অপরাধী- বিশেষণ
নিরপরাধ- বিশেষণ
নিরপরাধী- (যেখানে নিরপরাধ দিয়ে অর্থ পাওয়া যাচ্ছে সেখানে নিরপরাধী বলার প্রয়োজন নেই।)
আরেকটি উদাহরণ
যেমনঃ দোষী-বিশেষণ
দোষ - বিশেষ্য
নির্দোষ- বিশেষণ

34) মেঘশূন্য' কোন সমাস?

1) বহুব্রীহি
2) অব্যয়ীভাব

Hello BCS

✔ 3) তৎপুরুষ
4) কর্মধারয়

**ব্যাখ্যা :** পূর্বপদের বিভক্তির লোপে যে সমাস হয় এবং যে সমাসে পরপদের অর্থ প্রধানভাবে বোঝায় তাকে তৎপুরুষ সমাস বলে। তৎপুরুষ সমাসের পূর্বপদে দ্বিতীয়া থেকে সপ্তমী পর্যন্ত যে কোনো বিভক্তি থাকতে পারে এবং পূর্বপদের বিভক্তি অনুসারে এদের নামকরণ করা হয়। 'মেঘশূন্য' (মেঘ দ্বারা শূন্য), এখানে পঞ্চমী বিভক্তি 'দ্বারা' লোপ পেয়েছে। তাই এটি ৫মী তৎপুরুষ সমাস।
যে সমাসে সমস্যমান পদগুলোর কোনোটির অর্থ না বুঝিয়ে, অন্য কোনো পদকে বোঝায়, তাকে বহুব্রীহি সমাস বলে। যেমন : বহু ব্রীহি (ধান) আছে যার= বহুব্রীহি। পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়েরই অর্থের প্রাধান্য থাকে অব্যয়ীভাব সমাস বলে। অব্যয়ীভাব সমাসে
কেবল অব্যয়ের অর্থযোগে ব্যাসবাক্যটি রচিত হয়। যেমন : জানু পর্যন্ত লম্বিত ('পর্যন্ত' শব্দের অব্যয় 'আ') আজানুলম্বিত (বাহু), মরণ পর্যন্ত আমরণ। যে সমাসে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে।

35) কোনটি সঠিক?

1) সম্+তান্ = সন্তান
2) সম্+তন্ = সন্তান
✔ 3) সম্ + তান = সন্তান
4) সন + তান = সন্তান

**ব্যাখ্যা :** ম'-এর পরে কোনো বর্গীয় ধ্বনি বা স্পর্শ ধ্বনি আসলে 'ম' তার পরের ধ্বনির নাসিক্য ধ্বনি হয়ে যায় । অর্থাৎ, 'ম'-এর পরে যে বর্গীয় ধ্বনি আসে, 'ম' সেই ধ্বনির বর্গের পঞ্চম ধ্বনি হয়ে যায়।
ম+ক = ঙ+ক
শম+কা = শঙ্কা
ম+ভ= ম+ভ
কিমভূত = কিম্ভুত
উল্লেখ্য, আধুনিক বাংলায় 'ম'-এর পরে ক-বর্গীয় ধ্বনি থাকলে ক-বর্গের নাসিক্য / পঞ্চম ধ্বনি 'ঙ'-র বদলে ' হয়। যেমন, 'সম+গত'-এ 'ম' ও 'গ ( ক-বর্গীয় ধ্বনি)' সন্ধি হয়ে 'ম', 'ঙ' না হয়ে 'ং' হয়ে 'সংগত'। এরকম- অহম+কার = অহংকার

36) সওগাত শব্দটি কোন ভাষার শব্দ?

1) আরবি
2) ফার্সি
3) হিন্দি
✔ 4) তুর্কি

**ব্যাখ্যা :** জনৈতিক, ধর্মীয়, সংস্কৃতিগত ও বাণিজ্যিক কারণে বাংলাদেশে আগত বিভিন্ন ভাষাভাষী মানুষের বহু শব্দ বাংলায় এসে স্থান করে নিয়েছে। এসব শব্দকে বলা হয় বিদেশি শব্দ। এসব বিদেশি শব্দের মধ্যে আরবি, ফারসি এবং ইংরেজি শব্দই বিশেষভাবে উল্লেখযোগ্য। সে কালের সমাজ জীবনের প্রয়োজনীয় উপকরণরূপে

Hello BCS

বিদেশি শব্দ এ দেশের ভাষায় গৃহীত হয়েছে। এছাড়া পর্তুগিজ, ফরাসি, ওলন্দাজ, তুর্কি এসব ভাষারও কিছু শব্দ একইভাবে বাংলা ভাষায় এসে গেছে। আমাদের পার্শ্ববর্তী ভারত, মায়ানমার (বার্মা), চীন, জাপান প্রভৃতি দেশেরও কিছু শব্দ আমাদের ভাষায় সংযুক্ত হয়েছে।

37) অর্ধচন্দ্র অর্থ কি?

1) অমাবস্যা
✔ 2) গলাধাক্কা দেয়া
3) কাছে টানা
4) কাস্তে

**ব্যাখ্যা :** অর্ধচন্দ্র / বিশেষ্য পদ- গলাধাক্কা, প্রহার। কারন আমারা যখন কাউকে গলা ধাক্কা দিই আমাদের হাত অর্ধচন্দ্রের মত থাকে। অমাবস্যা শব্দের বাংলা অর্থ অমা,কৃষ্ণপক্ষের শেষ তিথি ; চন্দ্রকলার অদৃশ্যকাল, কাস্তে আকৃতির সাদা বকফুল - কাকশীর্ষ [তথ্যসূত্রঃ ভাষা ও শিক্ষা, হায়াৎ মামুদ ]

38) যে ভূমিতে ফসল জন্মায় না

1) অনুর্বর
2) পতিত
3) বন্ধ্যা
✔ 4) ঊষর

**ব্যাখ্যা :** যে জমিতে আবাদ করা হয়নি = পতিত।
যে নারীর কোনো সন্তান হয়নি = বন্ধ্যা।
যে নির্ভরযোগ্য নয় = অনির্ভর।
যে ভূমিতে ফসল জন্মায় না = ঊষর।[তথ্যসূত্রঃ ভাষা ও শিক্ষা, হায়াৎ মামুদ ]

39) কোন রাজবংশের আমলে চর্যাপদ রচনা শুরু হয়?

✔ 1) পাল
2) সেন
3) তুর্কি
4) কোনটিই নয়

**ব্যাখ্যা :** বাংলা ভাষা ও সঙ্গীতের প্রাচীন নিদর্শন চর্যাপদ। ১৯০৭ সালে হরপ্রসাদ শাস্ত্রী নেপালের রাজগ্রন্থাগার থেকে এর পুথি আবিষ্কার করেন। আবিষ্কৃত পুথিটির নাম চর্যাশ্চর্যবিনিশ্চয়। চর্যাপদ বঙ্গীয় সাহিত্য পরিষদের সাহায্যে ১৯১৬ সালে প্রকাশিত হাজার বছরের পুরাণ বাংলা ভাষায় বৌদ্ধগান ও দোহা নামক গ্রন্থের চব্বিশ জন বৌদ্ধ সিদ্ধাচার্যের রচিত চর্যাচর্যবিনিশ্চয়ের সাড়ে ৪৬টি গান। ধারণা করা হয় সপ্তম থেকে দ্বাদশ শতাব্দীর মধ্যবর্তী কোন এক সময়ে চর্যাপদ রচিত হয়েছিল। চর্যাপদ রচনা করেন বৌদ্ধ সিদ্ধাচার্যগণ। তখন বাংলার পাল বংশের রাজারা ছিলেন বৌদ্ধ। আর তাই তাদের আমলেই চর্যাগীতিকাগুলোর বিকাশ ঘটে। সে হিসেবে পাল আমলে চর্যাপদের রচনা শুরু হয়।

Hello BCS

40) নিচের কোনটি মুক্তিযুদ্ধ ভিত্তিক স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র?

1) আবার তোরা মানুষ হ
✔ 2) হুলিয়া
3) কলমিলতা
4) ওরা এগারজন

**ব্যাখ্যা :** মুক্তিযুদ্ধ নিয়ে প্রথম স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ করেন - মোরশেদুল ইসলাম। এর নাম 'আগামী' (১৯৮৪)। তানভীর মোকাম্মেল নির্মাণ করেন 'হুলিয়া' (১৯৯৫)। এ ছাড়া পরবর্তী সময়ে আরও বেশ কটি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মিত হয়েছে - মুক্তিযুদ্ধভিত্তিক প্রথম চলচ্চিত্র 'ওরা ১১ জন'। এর পরিচালক, চাষী নজরুল ইসলাম।
-আবার তোরা মানুষ হ (১৯৭৩) চলচ্চিত্রটির পরিচালক খান আতাউর রহমান। এ চলচ্চিত্রে যুদ্ধ-পরবর্তী সময়ের সামাজিক জ বিশৃঙ্খলা ও অবক্ষয়ের চিত্র উঠে এসেছে।

41) ভূগোল শব্দের বিশেষণ কোনটি?

✔ 1) ভৌগোলিক
2) ভূগোলক
3) ভূগোলিক
4) ভুগোলক

**ব্যাখ্যা :** ভূগোল" শব্দটির বিশেষণ পদ ভৌগোলিক। যে পদ বাক্যের অন্য কোন পদের দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি প্রকাশ করে, তাকে বিশেষণ পদ বলে। অর্থাৎ, বিশেষণ পদ অন্য কোন পদ সম্পর্কে তথ্য বা ধারণা প্রকাশ করে, বা অন্য পদকে বিশেষায়িত করে। [তথ্যসূত্রঃ বাংলা ব্যাকরণ ৯ম ১০ম শ্রেণী]

42) মোদের গরব মোদের আশা, আমরি বাংলা ভাষা' রচয়িতা

1) রাধানিধি গুপ্ত
2) রবীন্দ্রনাথ ঠাকুর
3) কাজী নজরুল ইসলাম
✔ 4) অতুল প্রসাদ সেন

**ব্যাখ্যা :** "মোদের গরব মোদের আশা, আ মরি বাংলা ভাষা " গানটির রচয়িতা অতুল প্রসাদ সেন। তিনি ছিলেন ব্রিটিশ ভারতবর্ষ এর ঊনবিংশ শতাব্দীতে আবির্ভূত একজন বাঙালি গীতিকার, সুরকার ও গায়ক। তার রচিত গানগুলোর মূল উপজীব্য বিষয় ছিল দেশপ্রেম, ভক্তি ও প্রেম। ভাষা নিয়ে বিখ্যাত উক্তি- নানান দেশের নানান ভাষা। বিনে স্বদেশীয় ভাষা, পুরে কি আশা?- রামনিধি গুপ্ত "ইংরেজি আমাদের পক্ষে কাজের ভাষা, কিন্তু ভাবের ভাষা নহে। রবীন্দ্রনাথ ঠাকুর" মাতৃভাষায় যাহার ভক্তি নাই সে মানুষ নহে। - মীর মশাররফ

43) রতন 'বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের' কোন গল্পের চরিত্র?

✔ 1) পোস্টমাস্টার
2) গিন্নি
3) ছুটি

Hello BCS

4) সুভা

**ব্যাখ্যা :** রবীন্দ্রনাথের গল্পের কিছু চরিত্রঃ
কাবুলিওয়ালা -রহমত, মিনি
দেনা পাওনা - রামসুন্দর,নিরুপমা
ছুটি -ফটিক চক্রবর্তী, বিশ্বম্ভর
জীবিত ও মৃত -কদম্বিনি, শ্রীপতি, যোগমায়া
ভিখারিনী -কমল, অমরসিংহ, মাখনলাল
সমাপ্তি -অপূর্বকৃষ্ণ, মৃন্ময়ী
ক্ষুধিত পাষাণ --করিমা খা, মেহের আলী
খোকাবাবুর প্রত্যাবর্তন - রাইচরণ, খোকাবাবু
গিন্নি - আশু ওরফে গিন্নি
নষ্টনীড় - অমল, চারুলতা, ভূপতি
মাল্যদান - যতীন, পটল, কুরানী

44) The Renaissance period was

1) 1500-11558
✔ 2) 1500-1660
3) 1400-1500
4) 1500-1658

**ব্যাখ্যা :** The Renaissance period: 1550-1660. The term "Renaissance" comes from the French word meaning "rebirth." This period was characterized by a revival of interest in classical learning, humanism, and a renewed emphasis on art, literature, and intellectual pursuits.
The 7 characteristics of the Renaissance are humanism, art, science, navigation, music, self-awareness, and religion. The Renaissance era in English literature is often divided into several distinct phases:
1. Preparation for Renaissance (1500-1558): During this phase, the works of English writers were heavily influenced by the Italian Renaissance. The invention of the printing press played a significant role in the dissemination of knowledge and the growth of literature. Notable figures include Thomas More, who wrote "Utopia," and Sir Thomas Wyatt and Henry Howard, who contributed to the development of English sonnets.
2. Elizabethan Period (1558-1603): The Elizabethan Period, also known as the Elizabethan Era, refers to the time of English history that coincided with the reign of Queen Elizabeth I of England (1558-1603). This era is known for its significant cultural, artistic, and literary achievements, as well as its political and religious developments..Playwrights like Christopher Christopher Marlowe and William Shakespeare created iconic works that continue to be

Hello BCS

celebrated today. Shakespeare's plays, including tragedies like "Hamlet" and comedies like "A Midsummer Night's Dream," are highlights of this period.
3. Jacobean Age(1603-1625): The Jacobean Age, also known as the Jacobean Era, refers to the period of English history that coincided with the reign of King James I of England (1603-1625). This era followed the Elizabethan Age and preceded the Caroline Age. The Jacobean Age is known for its political, cultural, and literary developments. This phase continued the creative energy of the Elizabethan era, with playwrights like Ben Jonson and John Webster contributing to the development of English drama. The Jacobean era also witnessed the publication of the King James Bible in 1611, which had a profound impact on the English language.
4. Caroline Age (1625-1649): The Caroline Age, also known as the Caroline Era, refers to a period of English history that coincided with the reign of King Charles I (1625-1649). This era was characterized by political, religious, and cultural developments that had a significant impact on England's history and literature. The metaphysical poets, including John Donne and George Herbert, were prominent during this time. Their poetry often combined intellectual exploration with deep emotion.
5. Commonwealth Period (1649-1660): The Commonwealth period, also known as the Interregnum or the Cromwellian Interregnum, refers to a period of English history that followed the English Civil War and the execution of King Charles I. It lasted from 1649 to 1660 and marked a significant break from the traditional monarchy, leading to the establishment of the Commonwealth of England, Scotland, and Ireland.

45) Give her a telephone number to ring ...... she gets lost.

1) wherther
✔ 2) in case
3) unless
4) perhaps

Hello BCS

ব্যাখ্যা : "Give her a telephone number to call in case she gets lost."
"In case" implies taking preventive action. You are providing the number in advance, as a measure to be taken just in case she gets lost. It emphasizes the precautionary aspect of the situation.
"in case" is a conjunction which is used to join
two clauses. (one of them expresses an action, the other expresses the reason)
• Precaution + in case + Possibility. Here" Give her a telephone number to call" is precaution and "she gets lost" is possibility. " is used before the clause which indicates t [তথ্যসুত্রঃ Cambridge Dictionary ]

46) Which of the following sentence is correct?

✔ 1) I forbade him from going
2) I him not to go
3) I forbade him to go
4) I forbade him going

ব্যাখ্যা : Correct Answer: I forbade him from going.
• Forbid somebody from doing something অর্থ- কাউকে কোনো কিছু করা থেকে বারণ করা। অর্থাৎ বাক্যের গঠন Forbid + object from + verb + ing.
• To is usually used when you make someone do something, not to stop someone.

47) Pedriatric relates to the treatment of

1) audits
2) old people
✔ 3) children
4) women

ব্যাখ্যা : adult - বয়স্ক। Old people - বৃদ্ধ মানুষ। Woman- মহিলা ; children -

48) The synonym for 'EFFACE'

1) emprove
2) exhaust
3) cut out
✔ 4) rub not

ব্যাখ্যা : "Efface" (verb) (মুছে ফেলা) means erase (a (mark) from a surface.
Synonyms: erase, delete, rub out, wipe out, Blot out, Obliterate, Expunge, Annihilate

Hello BCS

rub out - মুছে ফেলা
exhaust - নিষ্কাশন
cut out - কাটা
temprove বলতে কোন শব্দ নেই। শব্দটি Improve হলে অর্থ - উন্নতি

49) A passage to India' is written by

1) Nirod
✔ 2) E.M Forster
3) Rudyard Kipling
4) Walt Whitman

ব্যাখ্যা : "A Passage to India" (1924) is a novel written by British author E.M. Forster. It was first published in 1924 and is considered one of Forster's most acclaimed works. The novel explores themes of colonialism, cultural misunderstanding, and the complexities of human relationships in the context of British rule in India during the early 20th century.
E.M. Forster was a renowned British novelist and essayist known for his insightful exploration of human relationships, societal norms, and the challenges of cultural differences. Some of his best works include: "A Room with a View" (1908), "Howards End" (1910), "Maurice" (1971), "The Longest Journey" (1907), "Where Angels Fear to Tread" (1905)

Hello BCS

50) MALA FIDE means

1) Genuine
✔ 2) Bad intension
3) Generous
4) Trustworth

ব্যাখ্যা : Genuine - আসল ;
Bad intention - খারাপ উদ্দেশ্য ;
Trustworth - বিশ্বস্ত ;
mala fide = প্রতারণা বা বিশ্বাসঘাতকতা

51) ....... was both a poet and painter

1) spenser
✔ 2) william Blake
3) St. John Keats
4) John Donne

ব্যাখ্যা : "William Blake was both a poet and painter." William Blake was a renowned English poet, painter, and printmaker who lived during the late 18th and early 19th centuries. He is known for his unique artistic and poetic vision that often combined spirituality, mysticism, and social commentary.

52) Hold water' means

1) Drink Water
2) Keep water
✔ 3) Bear examination
4) Store water

ব্যাখ্যা : Hold water টিকে থাকা চালিয়ে যাওয়া, ধারণ করা, অর্থাৎ বাদ না পড়া।
Keep water (Phrase / idiom নয়) পানি সংরক্ষণ করা।
Drink water (Pharase / idiom নয়) পানি পান করা।
Bear examination পরীক্ষায় টিকে থাকা (পরীক্ষা হতে বাদ না পড়া)।
Store water (Phrase / idiom নয়) পানি জমিয়ে রাখা।

53) The antonym of 'WINSOME' is

✔ 1) Odd
2) Hot
3) Beautiful
4) Attractive

ব্যাখ্যা : "Winsome" (adj) (আকর্ষণীয়) means attractive or appealing in a fresh, innocent way. Synonyms: attractive, catching, fascinating, beautiful
Antonyms: gloomy, odd, morose

Hello BCS

54) The past participle of swim is

1) swam
2) swing
✔ 3) swum
4) swumped

ব্যাখ্যা : Swim (সাঁতার কাটা) is an irregular verb: swam is the past tense of swim, while swum is the past participle.

55) What ..... last night?

1) you did
2) did you

3) had you done
✔ 4) did you do

ব্যাখ্যা : Correct: What did you do last night? If a sentence contains words indicating past time, such as last, yesterday, ago, long since, etc., then: The verb will be in the past form. বাক্যে last night থাকতে বাক্যটি Past indefinite tense এ হবে। সঠিকexpression হলো did you do.

56) Identfy the singular number:

1) oases
2) media
3) crises
✔ 4) axis

ব্যাখ্যা : "Oases" is plural. Singular form: "Oasis".
"Media" is plural. Singular form: "Medium"
"Crises" is plural. Singular form: "Crisis"
"Axis" is singular. Plural form: "Axes"

57) FIRE: ASHES

✔ 1) Accident: Delay
2) Water:Waves
3) Event:Memories
4) Wood : Splinters

ব্যাখ্যা : Just as "ashes" are the remnants or results of something that has been consumed by fire, "memories" can be considered the remnants or results of past events. In both cases, the second term ("ashes" or "memories") is a consequence or outcome of the first term ("fire" or "event"). This analogy highlights a cause-and-effect relationship between the two pairs of words.

58) What is the verb form of the word 'acquisition'?

1) Acquirement
2) Acquisite
3) Acquiesce
✔ 4) Acquire

ব্যাখ্যা : "Acquisition" (noun) (অর্জন) means the learning or developing of a skill, habit, or quality. Synonyms: acquiring, obtaining The verb form of the word "acquisition" is "acquire." For example, you can say, "He acquired a new skill"

Hello BCS

or "She acquired valuable knowledge." The adjective form of the word "acquisition" is "acquisitive".

59) I need someone to help me to translate this webpage ...... Japanese.

✔ 1) into
2) towards
3) to
4) for

ব্যাখ্যা : The word 'into' is used in the sentence to indicate the target language into which the webpage needs to be translated. In this case, you're specifying that you want the webpage content to be transformed from its current language and presented in japanese.

60) Do you enjoy teaching? Here teaching is

1) Noun
2) Participle
✔ 3) Gerund
4) Pronoun

ব্যাখ্যা : Verb এর সাথে ing যুক্ত হয়ে noun অর্থ প্রকাশ করলে তাকে 'gerund' বলে। Here "teaching" (teach+ing)-fot which is a noun. [তথ্যসুত্রঃ MASTER English]

61) Once in blue moon' means

✔ 1) very rarely
2) Always
3) Nearly
4) Never

ব্যাখ্যা : The phrase "once in a blue moon" is an idiom that means something happens very rarely
Come rain or shine - always or infrequently.
Close but no cigar- nearly
Not in a million years - never

62) নিচের কোন দেশটি আসিয়ান দেশভুক্ত নয়?

1) লাওস
2) ভিয়েতনাম
✔ 3) হংকং

Hello BCS

4) কম্বোডিয়া

**ব্যাখ্যা :** দক্ষিণ-পূর্ব এশীয় জাতি সংস্থা (Association of Southeast Asian Nations) দক্ষিণ-পূর্ব এশিয়ার দশটি রাষ্ট্র নিয়ে গঠিত একটি রাজনৈতিক ও অর্থনৈতিক সংস্থা, যা ১৯৬৭ সালের ৮ আগস্ট ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, ফিলিপাইন, সিঙ্গাপুর ও থাইল্যান্ড দ্বারা প্রতিষ্ঠিত হয়। তারপর থেকে, ব্রুনেই, কম্বোডিয়া, লাওস, মিয়ানমার, এবং ভিয়েতনাম সদস্যপদ লাভ করে
সদস্য : Brunei, Cambodia, Indonesia, Laos Malaysia, Myanmar, the Philippines, Singapore, Thailand, and Vietnam.

63) কিয়োটা প্রোটোকল 'কিসের সাথে সম্পর্কিত ?

1) শান্তি
2) কৃষি
✔ 3) পরিবেশ
4) সামাজিক

**ব্যাখ্যা :** কিয়োটো প্রোটোকল একটি বহুরাষ্ট্রীয় আন্তর্জাতিক চুক্তি যা এই চুক্তিতে স্বাক্ষরকারী রাষ্ট্রগুলিকে গ্রীনহাউজ গ্যাস নির্গমন হ্রাসের জন্য দায়বদ্ধ করে। ১৯৯৭ খ্রিষ্টাব্দের ১১ই ডিসেম্বর জাপানের কিয়োটো শহরে এই চুক্তি প্রথম গৃহীত হয় এবং ২০০৫ খ্রিষ্টাব্দের ১৬ই ফেব্রুয়ারি প্রথম কার্যকরী হয়। এ প্রটোকলে ১৮০টি দেশ স্বাক্ষর করে। এ প্রটোকলের মেয়াদ শেষ হয় ২০২ সালে। ২০১২ সালের ডিসেম্বর মাসে এ চুক্তির মেয়াদ ২০২০ সাল পর্যন্ত বর্ধিত করা হয়। এ প্রটোকল বাস্তবায়নের জন্য ১৪৪টি দেশের অনুমোদন প্রয়োজন। [তথ্যসূত্রঃ বিভিন্ন দৈনিক পত্রিকা]

64) মালদ্বীপের মুদ্রার নাম কী?

1) রুপি
✔ 2) রুপিয়া
3) ডলার
4) দিনার

**ব্যাখ্যা :** ভারত, পাকিস্থান রুপি, আমেরিকা ডলার, কুয়েত - দিনার, মালদ্বীপ- রুপিয়া

65) সিয়াচেন হিমবাহ কোথায় অবস্থিত?

1) কাঠমন্ডু
✔ 2) কাশ্মীর
3) ভুটান
4) হিমাচল

Hello BCS

**ব্যাখ্যা :** সিয়াচেন হিমবাহ হিমালয়ের পূর্ব কারাকোরাম পর্বতমালার ৩৫.৫° উত্তর ৭৭.০° পূর্ব অবস্থান অক্ষাংশে ভারত-পাকিস্তান নিয়ন্ত্রণ রেখার ঠিক পূর্বদিকে অবস্থিত। ৭০ কিমি দীর্ঘ কারাকোরামের বৃহত্তম ও পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম অমেরুপ্রদেশীয়। এটি কারাকোরাম পর্বতের ৫, ২৪২ মিটার উঁচুতে অবস্থিত। এই হিমবাহটি ভারতের নিয়ন্ত্রণাধীন কাশ্মীর এ অবস্থিত।

66) নাথু লা পাস' কোন দুটি দেশকে সংযুক্ত করেছে?

✔ 1) ভারত - চীন
2) ভারত - নেপাল
3) ভারত - পাকিস্তান
4) ভারত - ভুটার

**ব্যাখ্যা :** নাথু লা পাস সিকিম-এ অবস্থিত।
নাথু লা পাস পূর্ব সিকিম জেলার হিমালয়ের একটি পর্বত গিরিপথ।
• এটি ভারতের সিকিম রাজ্যকে চীনের তিব্বত স্বায়ত্তশাসিত অঞ্চলের সাথে সংযুক্ত করেছে। পাসটি, সমুদ্রপৃষ্ঠ থেকে 4,310 মিটার উপরে, প্রাচীন টি হর্স রোডের একটি শাখার একটি অংশ গঠন করে।

67) পশ্চিম আফ্রিকার দেশ নাইজার এর রাজধানী কোনটি?

✔ 1) নিয়ামে
2) ওয়াগাতায়গোও
3) আবুজা
4) বামাকো

**ব্যাখ্যা :** নাইজার এর রাজধানী নিয়ামে নাইজেরিয়া এর রাজধানী আবুজা - মালি এর রাজধানী বামাকো - বুরকিনা ফাসো এর রাজধানী ওয়াপাতায়গোও

68) ক্রেমলিন কোথায় অবস্থিত?

1) বেইজিং
✔ 2) মস্কো
3) লন্ডন
4) নিউইয়র্ক

**ব্যাখ্যা :** ক্রেমলিন বলতে অনেক সময় ক্রেমলিনসমূহের মধ্যে সবচেয়ে বিখ্যাত মস্কো ক্রেমলিনকে বুঝানো হয়। মস্কো ক্রেমলিন রাশিয়ার রাষ্ট্রপতির দাপ্তরিক বাসভবন।

69) প্রথম বিশ্বকাপ ক্রিকেট 'ম্যান অব দ্যা ম্যাচ' নির্বাচিত হয়েছিলেন কে?

✔ 1) ক্লাইভ লয়েড
2) ভিভ রিচার্ডস
3) ডেভিড বুন

Hello BCS

4) অমরনাথ

**ব্যাখ্যা :** বিশ্বকাপ ক্রিকেটের প্রথম আয়োজন করা হয় ১৯৭৫ সালের ইংল্যান্ডের লর্ডসে অনুষ্ঠিত হয়। প্রথম বিশ্বকাপ ক্রিকেটে ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হয় - ক্লাইভ লয়েড। ওয়েস্ট ইন্ডিজের অধিনায়ক ক্লাইভ লয়েডের অধিনায়কোচিত ৮৫ বলে ১০২ রানে করা সেঞ্চুরিতে অস্ট্রেলিয়াকে ১৭ রানে পরাভূত করে বিশ্বকাপ ক্রিকেটের প্রথম আসরে চ্যাম্পিয়ন হবার গৌরব অর্জন করে।

70) $2^2(z+7) = 4^{(z+2)}$ হলে z এর মান কত?

1) 2
✔ 2) 3
3) 4
4) 7

**ব্যাখ্যা :** $2^{z+7} = 4^{x+2}$
$\Rightarrow 2^{z+7} = 2^{2(z+2)}$
$\Rightarrow z + 7 = 2z + 4$
$\Rightarrow 2z - z = 7 - 4$
$\therefore z = 3$

71) সরল সুদের হার শতকরা কত হলে ৮ বছরে সুদে আসলে দ্বিগুণ হবে?

1) ১০%
2) ১১.৫০%
✔ 3) ১২.৫০%
4) ১৫%

**ব্যাখ্যা :** আসল ১০০ টাকা হলে ৮ বছর পরে হবে ২ গুন ২০০ টাকা।
তাহলে, সুদ = ২০০ - ১০০ = ১০০ টাকা
১০০ টাকার ৮ বছরের সুদ ১০০ টাকা।
১০০ টাকার ১ বছরের সুদ ১০০÷ ৮ = ১২.৫ টাকা।

72) যদি a = b + c এবং a = 16 হয়, তবে ab + ac = ?

1) 255
✔ 2) 256
3) 258
4) 300

**ব্যাখ্যা :** ab+bc
= a (b+c)
= a × a

Hello BCS

= 16 × 16
= 256

73) যদি $a^2 + b^2 = 45$ এবং ab = 18 হয়, তবে 1/a + 1/b = ?

1) 1/3
✔ 2) 1/2
3) 3/4
4) 2/3

**ব্যাখ্যা :** ব্যাখ্যা : 1 / a+1/b
= (a+b)/ab
=$\sqrt{(a+b)^2}$ /ab
=$\sqrt{(a^2+2ab+b^2)}$ / ab
=$\sqrt{(a^2+b^2+2ab)}$ / ab
=√ ( 45+ 2×18) / 18 [ $a^2 + b^2 = 45$ and ab = 18]
=12

74) যদি p+q = 5 এবং p-q = 3, হয় তবে $p^2 + q^2$ = ?

1) 15
✔ 2) 17
3) 19
4) 21

**ব্যাখ্যা :** We know,
$2(p^2 + q^2) = (p+q)^2 + (p-q)^2$
$\therefore p^2 + q^2 = (5^2 + 3^2)/2$ [cz, p+q = 5 এবং p-q = 3]
= 34/2
= 17

75) মিতা একটি কাজ ১০ দিনে করতে পারে। রিতা সেই কাজ ১৫ দিনে করতে পারে। তারা একত্রে কতদিনে কাজটি করেতে পারে?

1) ১০ দিনে
2) ৪ দিনে
✔ 3) ৬ দিনে
4) ৮ দিনে

**ব্যাখ্যা :** মিতা ১০ দিনে করতে পারে = ১ টি কাজ
১ দিনে করতে পারে = ১/১০ অংশ
একইভাবে, রিতা ১ দিনে করতে পারে = ১/১৫ অংশ

Hello BCS

মিতা ও রিতা একত্রে ১ দিনে করতে পারে (১/১০ + ১/১৫) অংশ
= ৫/৩০ = ১/৬ অংশ
মিতা ও রিতা একত্রে ১/৬ অংশ করতে পারে = ১ দিনে
একত্রে ১ অংশ বা সম্পূর্ন কাজ করতে পারে = ৬ দিনে

76) ২০০ টাকায় ৮ টি কমলা জন্য কবে প্রতিটি কমলা কত টাকায়। বিক্রয় করলে ৪০% লাভ হবে?

1) ৬০ টাকা
2) ৪০ টাকা
✔ 3) ৩৫ টাকা
4) ৫০ টাকা

**ব্যাখ্যা :** ১ টি কমলার ক্রয়মূল্য = ২০০/৮ = ২৫ টাকা ৪০% লাভে বিক্রয়মূল্য হবে ( ২৫*১৪০) / ১০০ = ৩৫ টাকা (উত্তর)

77) a- {a-(a-1)} =কত?

✔ 1) a-1
2) a
3) a+1
4) 1

**ব্যাখ্যা :** a- {a-(a-1)} = a - (a-a+1)
= a-1

78) একজন দোকানদারের ৫০টি বই কেনার টাকা আছে। প্রতিটি বই এর মূল্য ৪ টাকা কমালে সে আরও ১০ টি বই বেশি ক্রয় করতে পারে। তার কত টাকা আছে?

1) ১০০০ টাকা
✔ 2) ১২০০ টাকা
3) ১৫০০ টাকা
4) ২০০০ টাকা

**ব্যাখ্যা :** ধরি, মোট টাকা আছে x
প্রতিটি বইয়ের মূল্য = x/50
এখন প্রশ্নমতে,
X= 60(x/50-4)
X = 6X/5-240
X+240 = 6X/5
5X+1200= 6X
X= 1200

Hello BCS

79) কোন সংখ্যাটি বৃহত্তম?

1) ০.৩
2) ১/৩
3) ২/৫
✔ 4) √০.৩

**ব্যাখ্যা :** ০.৩ = ০.৩
১/৩ = ০.৩৩৩৩৩৩৩৩
২/৫ = ০.৪
√০.৩ = ০.৫৪৭৭২

80) একটি বক্সে প্রতিটি ১০০ গ্রাম গ্রাম ওজনের ১৯০ টি চকলেট এবং ১৫০ গ্রাম ওজনের ১০০টি কুকিজের প্যাকেট আছে। পুরো বক্সের ওজন ৩৯.৫০ কিলোগ্রাম হলে খালি বক্সের ওজন কত?

1) ৮ কিলোগ্রাম
2) ৬.৫০ কিলোগ্রাম
3) ৬ কিলোগ্রাম
✔ 4) ৫.৫০ কিলোগ্রাম

**ব্যাখ্যা :** x = খালি বাক্সের ওজন
১০ × ১৯০ + ১৫০× ১০০+x = ৩৯.৫০× ১০০০
x = ৫৫০০ গ্রাম বা ৫.৫ কিলোগ্রাম ।

Hello BCS

81) $x^2$ - 6x +5/(x-1) এর মান কত?

1) x-1
✔ 2) x-5
3) x-6
4) (x-11)(x-5)

**ব্যাখ্যা :** $x^2 - 6x + 5/(x-1)$
$= x^2 -5x-x + 5/ (x-1)$
$= (x-5)(x-1)/(x-1)$
$= (x-5)$

82) একটি বইয়ের মূল্য ২৪.০০ টাকা। এ মূল্য প্রকৃত মূল্যের ৮০%। বাকী মূল্য সরকার ভর্তুকী দিলে প্রতি বই এ ভর্তুকি কত টাকা?

1) ৫ টাকা
✔ 2) ৬ টাকা
3) ৭ টাকা

4) ৮ টাকা

**ব্যাখ্যা :** বইটির মূল্যের ৮০% = ২৪ টাকা
বইটি'র মূল্যের ১০০% = (২৪×১০০)/৮০ = ৩০ টাকা
অর্থাৎ সরকার ভর্তুকি দেয় = ৩০-২৪ = ৬ টাকা।

83) দুটি সংখ্যার অন্তর ১২,বড়টির সঙ্গে ১ যোগ করলে ছোটটির দ্বিগুন হয়। সংখ্যা দুটি কি কি?

1) ৩৫,২০
2) ২০,৮
3) ৩০,১৮
✔ 4) ২৫,১৩

**ব্যাখ্যা :** প্রশ্নমতে, x - y = 12 ..... (i)
x + 1 = 2y
বা, x - 2y - 1......(ii)
(i) সমীকরণে x = 2y - 1 বসিয়ে পাই,
2y - 1- y = 12
বা,y = 13
(i) সমীকরণে y এর মান বসিয়ে পাই,
x - 13 = 12
বা, x = 25
সংখ্যা দুটি 25 এবং 13 (ans)

84) একটি সমকোণী ত্রিভুজের ভূমি ৪ মিটার ও লম্ব ৩ মিটার হলে এর ক্ষেত্রফল কত?

1) ৪ বর্গমিটার
2) ৩ বর্গমিটার
✔ 3) ৬ বর্গমিটার
4) ১৮ বর্গমিটার

**ব্যাখ্যা :** আমরা জানি, ত্রিভুজের ক্ষেত্রফল = (১/২) ভূমি × উচ্চতা
= (১/২) × ৪ × ৩
= ২ x ৩
= ৬ বর্গমিটার

85) একটি সংখ্যার অর্ধেক তার এক তৃতীয়াংশের চেয়ে ১৭ বেশি। সংখ্যাটি কত?

✔ 1) ১০২
2) ১০৪
3) ৫২
4) ৮৪

Hello BCS

**ব্যাখ্যা :** (x/2) = (X/3) + 17
⇒ (x/2) - (x/3) = 17
⇒ {(3x-2x)/6}= 17
⇒ x = 17×6
∴ x = 102

86) একটি আয়তকার ক্ষেত্রফল ৪০০ বর্গমিটার এবং প্রস্থ ১৬ মিটার হলে বাগানটির পরিসীমা কত?

- ✔ 1) ৮২ বছর
- 2) ৬৪ বছর
- 3) ৮০ বছর
- 4) ৬০ বছর

**ব্যাখ্যা :** দৈর্ঘ্য × প্রস্থ = ক্ষেত্রফল ;
⇒ দৈর্ঘ্য × ১৬ = ৪০০
⇒ দৈর্ঘ্য= ৪০০/১৬
∴ দৈর্ঘ্য = ২৫ মিটার
পরিসীমা = ২ (দৈর্ঘ্য +প্রস্থ)
= ২ (২৫+২৬)
= ২× ৪১ = ৮২ মিটার।

87) মাতার ৩০ বছর বয়সে কন্যার জন্য মাতার কত বছর বয়সে কন্যার বয়সের দ্বিগুণ হবে?

- ✔ 1) ৬০ বছর
- 2) ৭০ বছর
- 3) ৫০ বছর
- 4) ৪০ বছর

**ব্যাখ্যা :** ধরি, কন্যার বয়স x বছর।
x বছর পর কন্যার বয়স দ্বিগুন হবে।
৩০+x = x+x
⇒ ২x - x = ৩০
মাতার বয়স হবে (৩০+৩০) বা ৬০ বছর।

88) একটি সিলিন্ডারের দৈর্ঘ্য ১৪ ফুট এবং ব্যাসার্ধ ২ ফুট হলে এর আয়তন কত?

- 1) ১৫০ ঘনফুট
- 2) ১৬০ ঘনফুট
- 3) ১৭০ ঘনফুট
- ✔ 4) ১৭৬ ঘনফুট

Hello BCS

**ব্যাখ্যা :** একটি সিলিন্ডারের দৈর্ঘ্য। = ১৪ ফুট এবং ব্যাসার্ধ। = ২ ফুট হলে এর আয়তন = (π) $r^2$ × 1
= (22/7) × $2^2$× 14
= (22×4×14)/7
=176

89) কম্পিউটারের ডাটা প্রসেসিং শেষে আউটপুট কোন পদ্ধতি ব্যবহার করা হয়?

1) এনকোডিং
✔ 2) ডিকোডিং
3) এনকোডার
4) ডিকোডার

**ব্যাখ্যা :** এনকোডিং হলো একটি অক্ষর (অক্ষর, সংখ্যা, যতিচিহ্ন, এবং নির্দিষ্ট চিহ্ন) এর ক্রম কে বিশেষায়িত ডিজিটাল ফরম্যাটে/সংকেতে রুপান্তর করা। ডিকোডিং এর বিপরীত পক্রিয়া। অর্থাৎ একটি ডিজিটাল সংকেত কে অক্ষরের ক্রমে রূপান্তর করা।
আনকোডেড (Uncoded ) ডেটাকে কোডেড (Coded) ডেটায় পরিণত করা হয় তাকে এনকোডার (Encoder) বলে। অন্যদিকে, কোডেড (Coded) ডেটাকে আনকোডেড (Uncoded) ডেটায় পরিণত করা হয় তাকে ডিকোডার বলে। - এনকোডার এক ধরনের সমবায় সার্কিট বা ডিজিটাল বর্তনী যা মানুষের ব্যবহৃত বিভিন্ন আলফানিউমেরিক বর্ণ, বিশেষ চিহ্ন, টেক্সট, অডিও ও ভিডিও ইত্যাদিকে কম্পিউটার বা ডিজিটাল সিস্টেমের বোধগম্য বাইনারি কোডে রূপান্তর করে।

90) মোবাইল ফোন কোন প্রজন্ম থেকে এমএমএস সেবা চালু হয়?

1) প্রথম
✔ 2) দ্বিতীয়
3) তৃতীয়
4) চতুর্থ

**ব্যাখ্যা :** মোবাইল ফোনের দ্বিতীয় প্রজন্ম হতে SMS (Short Message Service) সেবা চালু হয়। মোবইলের দ্বিতীয় প্রজন্মের গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যগুলো হলো সর্বপ্রথম প্রিপেইড - চালু, ভয়েসকে Noise মুক্ত করা ইত্যাদি। প্রথম প্রজন্মের মোবাইলে প্রজন্মের মোবাইলের বৈশিষ্ট্য হলো আন্তর্জাতিক রোমিং সুবিধা, উচ্চ স্পেকট্রাম কর্মক্ষমতা ইত্যাদি । তৃতীয় প্রজন্মের মধ্যে রয়েছে দ্রুত গতির ইন্টারনেট, ভিডিও কল এবং মোবাইল টিভি ইত্যাদি। চতুর্থ প্রজন্মের মোবাইলের বৈশিষ্ট্য হলো আই পি নির্ভর ওয়্যারলেস নেটওয়ার্ক সিস্টেম - চালু, উন্নতমানের ছবি, ভিডি ও লিংক ইত্যাদি।

91) ইমেল ঠিকানায় @ এর পরের অংশটিকে কি বলে ?

✔ 1) ডোমেইন নেম
2) ইউজার নেম
3) ডোমেন
4) ডোমেইন নেম এলার্ট

Hello BCS

**ব্যাখ্যা :** ইমেইল ঠিকানা User name @ Domain এ দুটি অংশ নিয়ে গঠিত। @ চিহ্নের পরের অংশটি হলো Domain name

92) কম্পাইলার ব্যবহার হয়ে থাকে

1) ছোট কম্পিউটার
2) মাইক্রোকম্পিউটার
✔ 3) বড় কম্পিউটারে
4) পকেট কম্পিউটারে

**ব্যাখ্যা :** কম্পাইলার বা সংকলক এমন এক ধরনের কম্পিউটার প্রোগ্রাম বা প্রোগ্রাম-সমষ্টি যা কোন কম্পিউটার বিধিভাষা (উৎস ভাষা) থেকে অপর একটি কম্পিউটার বিধিভাষায় (লক্ষ্য ভাষা) অনুবাদ করে। সাধারণত কোন প্রোগ্রামের উৎসরূপ থেকে যন্ত্রভাষায় রূপান্তরের কাজটির জন্য সংকলক ব্যবহৃত হয়। কম্পাইলার সম্পূর্ণ প্রোগ্রামটি এক সাথে অনুবাদ করে। কম্পাইলার প্রোগ্রামের সবগুলো ভুল এক সাথে প্রদর্শন করে। ডিবাগিং ও টেস্টিং-এর ক্ষেত্রে ধীর গতিসম্পন্ন। কম্পাইলারের মাধ্যমে প্রোগ্রাম রূপান্তরের পর পুনঃরুপান্তরের প্রয়োজন হয় না অর্থাৎ একবার কম্পাইল করা হলে পরবর্তীতে আর কম্পাইল করা প্রয়োজন হয় না। কম্পাইলারের মাধ্যমে রূপান্তরিত প্রোগ্রাম পূর্ণাঙ্গ যান্ত্রিক প্রোগ্রামে রূপান্তরিত হয়। এই প্রোগ্রামকে অবজেক্ট প্রোগ্রাম বলে। বড় ধরনের কম্পিউটারে একে বেশি ব্যবহার করা হয়ে থাকে। এই প্রোগ্রামটি সাধারণত বড় হয়ে থাকে এবং প্রধান মেমোরিতে বেশি জায়গার প্রয়োজন হয়। প্রোগ্রাম নির্বাহের জন্য কম সময় প্রয়োজন।

93) কোন যন্ত্রাংশটি ইনপুট এবং আউটপুর উভয়ের জন্য ব্যবহৃত হয়?

✔ 1) Modem
2) Scanner
3) Mouse
4) Monitor

**ব্যাখ্যা :** Modem (মডেম) stands for mo = modulator and dem demodulator. hence it makes analog to digital and digital to analog signals. when you pass a signal then it sends this signal to the BTS(base transceiver station) from MS (mobile station) and does reverse. so it is a input and output device. mouse, keyboard, scanner only for input becasue it sends signal to the computer. monitor is an display machine thus we can say it an output device.

94) সাধারণ বৈদ্যুতিক বাল্বে কোন গ্যাস ব্যবহার করা হয়?

1) হিলিয়াম
✔ 2) নাইট্রোজেন
3) হাইড্রোজেন
4) অক্সিজেন

Hello BCS

**ব্যাখ্যা :** বৈদ্যুতিক বাল্বের মধ্যে রাসায়নিক ভাবে নিষ্ক্রিয় গ্যাস নাইট্রোজেন বা আর্গন থাকে যার ফলে বাল্বের ফিলামেন্টে ব্যবহৃত টাংস্টেনের জারণ ঘটতে দেয় না। বৈদ্যুতিক টিউব লাইটে হিলিয়াম গ্যাস ব্যবহার করা হয়। অক্সিজেন আগুন জ্বালাতে সাহায্য করেহাইড্রোজেন গ্যাসটি নিজে জ্বলে অন্যকে জ্বলতে সাহায্য করে না। অক্সিজেন গ্যাসটি নিজে জ্বলে না কিন্তু অন্যকে জ্বলতে সাহায্য করে। কার্বন ডাই অক্সাইড গ্যাসটি নিজে জ্বলে না, অন্যকে জ্বলতে সাহায্য করে না।

95) UPS stands for

1) United Power Supply
✔ 2) Uninterruptible Power Supply
3) Unites Power Supply
4) Universal Power Supply

**ব্যাখ্যা :** ইউপিএস এর পূর্ণ নাম হলো Uninterruptible Power Supply Uninterruptible Power Source! ইউপিএস (UPS) এমন একটি ইলেক্ট্রিক্যাল ডিভাইস (Electrical Device) যা কিছু সময়ের জন্য বিদ্যুৎ সঞ্চয় করে রাখতে পারে। এবং যেকোন মুহূর্তে কম্পিউটার ও অন্যান্য যন্ত্রপাতিতে বিদ্যুৎ সরবরাহ করতে পারে।PS হচ্ছে Instant Power System যা মূলত Power Storage হিসেবে কাজ করে থাকে। IPS এমন একটি ডিভাইস যা বৈদ্যুতিক পাওয়ার রিজার্ভ করে এবং পরবর্তীতে Main লাইন বা বিদ্যুৎ সরবরাহের বন্ধে Back Up দেয়। Back Up এর ন্যায় IPS বৈদ্যুতিক সরবরাহ বন্ধের সাথে সাথে বিদ্যুৎ সরবরাহ দিতে পারে না।

96) নবায়নযোগ্য জ্বালানি কোনটি?

✔ 1) পরমানু শক্তি
2) পেট্রোল
3) প্রাকৃতিক গ্যাস
4) কয়লা

**ব্যাখ্যা :** নবায়নযোগ্য জ্বালানি বা রিনিউয়েবল এনার্জি হলো এমন শক্তির উৎস যা স্বল্প সময়ের ব্যবধানে পুনরায় ব্যবহার করা যায় এবং এর ফলে শক্তির উৎসটি নিঃশেষ হয়ে যায় না। বিভিন্ন প্রাকৃতিক উৎস যেমন : সূর্যের আলো ও তাপ, বায়ু প্রবাহ, জলপ্রবাহ, জৈব শক্তি ( বায়োগ্যাস, বায়োম্যাস, বা য়োফুয়েল), ভূ-তাপ, সমুদ্র তরঙ্গ, সমুদ্র তাপ, জোয়ার- ভাটা, শহুরে আবর্জনা, হাইড্রোজেন ফুয়েল সেল, পরমাণু শক্তি ইত্যাদি নবায়নযোগ্য শক্তির উৎস হিসেবে বিবেচিত হয়। [তথ্যসূত্রঃ সাধারণ বিজ্ঞান, নবম-দশম শ্রেণি]

97) মুক্তা হলো ঝিনুকের

1) জমাট হরমোন
2) খোলসের টুকরা
✔ 3) প্রদাহের ফল
4) চোখের মণি

Hello BCS

**ব্যাখ্যা :** মুক্তা হলো ঝিনুকের মধ্যেকার রত্নবিশেষ। অর্থাৎ প্রদাহের ফল। আঞ্চলিক ভাষায় অনেক সময় মুক্তাকে মুকুতা নামেও ডাকা হয়। মুক্তা এক ধরনের শামুক জাতীয় প্রাণী ঝিনুকের মাধ্যমে তৈরী হয়। এটি দেখতে ছোট এবং প্রায়শয়ই সাদা রঙের হয়ে থাকে। তবে কখনো কখনো পাণ্ডুর বা ফ্যাকাশে কালো রঙেরও হতে পারে। সাধারণত মুক্তা দেখতে গোলাকৃতি ধরনের হয়। এছাড়া, অর্ধ-গোলাকার, ডিম্বাকৃতি কিংবা অন্য যে-কোন বিভিন্ন আকৃতিরও হতে পারে। অলঙ্কার জগতে এর অসম্ভব জনপ্রিয়তা ও সুনাম রয়েছে।

98) সুষম খাদ্যের উপাদান কয়টি?

1) ৪ টি
2) ৫ টি
✔ 3) ৬ টি
4) ৭ টি

**ব্যাখ্যা :** খাদ্যে সাধারণত ছয়টি পুষ্টি উপাদান বিদ্যমান। মানবদেহের স্বাভাবিক পুষ্টির চাহিদা পুরনের জন্য উক্ত ছয়টি উপাদান সমৃদ্ধ যে পরিমাণ খাদ্য সামগ্রী প্রয়োজন তাকে সুষম খাদ্য বলে। সুষম খাদ্য মানে শর্করা, আমিষ, স্নেহ, ভিটামিন, খনিজ ও পানি সমৃদ্ধ খাবার [তথ্যসূত্রঃ ওরাকল সাধারন বিজ্ঞান ও প্রযুক্তি লিখিত]

99) কোন রং বেশি দূর থেকে দেখা যায়?

1) সাদা
2) কাল
✔ 3) লাল
4) হলুদ

**ব্যাখ্যা :** লাল রঙের তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে বড় এবং বিক্ষেপণ সবচেয়ে কম। তাই লাল রং বেশি দূর থেকে দেখা যায় । অন্যদিকে সাদা ও কালো কোনো রং নয়। সবগুলো রং যেখান থেকে প্রতিফলিত হয় তাকে দেখা যায় এবং যেখানে সবগুলো রং শোষিত হয় তাকে কালো দেখা যায়। হলুদ রঙের তরঙ্গ দৈর্ঘ্য লাল ও কমলা রঙের তরঙ্গ দৈর্ঘ্য থেকে ছোট।

100) কোনটি মৌলিক সংখ্যা?

1) ব্রোঞ্জ
2) পানি
3) ইস্পাত
✔ 4) লৌহ

**ব্যাখ্যা :** যে বস্তুকে রাসায়নিকভাবে বিশ্লেষণ করে অন্য কোন সহজ বস্তুতে রুপান্তরিত করা যায় না তাকে মৌল বা মৌলিক পদার্থ বলে। যেমন - সোনা, তামা, লোহা, হাইড্রোজেন, নাইট্রোজেন, অক্সিজেন ইত্যাদি। পক্ষান্তরে, ব্রোঞ্জ (তামা, টিন), পানি (হাইড্রোজেন + অক্সিজেন ), ইস্পাত (লোহা নির্দিষ্ট পরিমাণ কার্বন) হচ্ছে যৌগিক পদার্থ। [তথ্যসূত্রঃ ওরাকল সাধারন বিজ্ঞান]

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com